গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি

এবং

সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

সূচীপত্র

বাংলাদেশ মেরিন একাডেমি এর কর্মসম্পাদনের সার্বিকচিত্র	৩
উপক্রমণিকা	৪
সেকশন ১ঃ রূপকল্প(Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী।	৫
সেকশন ২ঃ বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ।	৭-১১
সংযোজনী ১ঃ শব্দসংক্ষেপ (Acronyms)	১৩
সংযোজনী ২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি	১৪
সংযোজনী ৩ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা	১৫

বাংলাদেশ মেরিন একাডেমি এর কর্মসম্পাদনের সার্বিকচিত্র

(Overview of the Performance of Bangladesh Marine Academy)

সাম্প্রতিক অর্জন, সমস্যা ও চ্যালেঞ্জ, ভবিষ্যৎ পরিকল্পনা এবং প্রধান অর্জন সমূহঃ

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

সাম্প্রতিক অর্জনঃ বাংলাদেশ মেরিন একাডেমী ১৯৬২ সালে প্রতিষ্ঠার পর থেকে বিগত পাঁচ দশক ধরে জাতিসংঘের অঙ্গসংস্থা ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের 'আন্তর্জাতিক পেশাগত দক্ষতা-মান' অনুযায়ী প্রশিক্ষণের মাধ্যমে পেশাগতভাবে দক্ষ, পরিবেশ সচেতন, বুদ্ধিদীপ্ত এবং চৌকস ৪,৩৮৮ জন মেরিন ক্যাডেট তৈরী করেছে, তম্মধ্যে গত ৩ বছরে ৫৫২ জন ক্যাডেট প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত করেছে। এছাড়া ১৯৮০ সালের পর থেকে বিভিন্ন পেশাদার প্রশিক্ষণ কোর্স এর মাধ্যমে আরও প্রায় ৪০ হাজারেরও বেশী সংখ্যক মেরিন অফিসার ও মেরিন ইঞ্জিনিয়ারদেরকে উচ্চতর ও সহায়ক (প্রিপারেটরী ও এনসিলারী) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, তম্মধ্যে গত ৩ বছরে ৭২৩৫ জন এবং বর্তমানেও চলমান রয়েছে। ২০১৬ সালে ৫২তম ব্যাচ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি অধিভূক্ত প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ মেরিন একাডেমীর ক্যাডেটদের ৩ বছর মেয়াদী স্নাতক ডিগ্রীকে ৪ বছর মেয়াদী বিএমএস(অনার্স) ডিগ্রীতে রূপান্তর করা হয়েছে। নারী শিক্ষার উন্নয়ন, ক্ষমতায়ন ও নারী সমাজের সম-অধিকার নিশ্চিত ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ফিমেল ক্যাডেট প্রশিক্ষণ অব্যাহত আছে এবং প্রশিক্ষণ প্রাপ্ত প্রী-সী ফিমেল ক্যাডেটগণ বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জাহাজে নিয়োগ লাভ করেছে। ইউরোপীয় ইউনিয়নভূক্ত বিভিন্ন দেশ, সিঙ্গাপুর, চায়নাসহ বিভিন্ন দেশের আন্তর্জাতিক জাহাজ-বহরে ক্যাডেট নিয়োগ সহজতর হয়েছে। IMO STCW Convention 2010-এর চাহিদা অনুযায়ী একাডেমীর সকল প্রশিক্ষণ কোর্স আধুনিকীকরণ হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

ক্যাডেট প্রশিক্ষণ আরও উন্নত করণের লক্ষ্যে ট্রেনিং শীপ এবং সিমুলেটর সংগ্রহ, অবকাঠামোগত পূনর্গঠনের মাধ্যমে মেরিন একাডেমি আধুনিকীকরণ ও প্রশিক্ষণ যন্ত্রপাতি ও আনুষংগিক উপকরণ সংগ্রহ এবং SDG ও সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়ন কল্পে মেরিটাইম গবেষণার লক্ষ্যে বঙ্গবন্ধু টেকনো মেরিনা কমপ্লেক্স স্থাপন।

ভবিষ্যত পরিকল্পনাঃ

বাংলাদেশ মেরিন একাডেমির ক্যাডেটদের আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যে ক্যাডেটদের জন্য ১টি প্রশিক্ষণ জাহাজ ক্রয়, সিমুলেটর সেন্টার প্রতিষ্ঠা (Full mission), নেভীগেশন কন্ট্রোল এবং মেরিন ইঞ্জিন কন্ট্রোল) স্থাপন করা হবে। ১৯৬২ সালে প্রতিষ্ঠাকালে নির্মিত বিদ্যমান স্থাপনা (যথাঃ ওয়ার্কশপ, রাডার ব্লক, সিম্যানশীপ ব্লক, মসজিদ,সুইমিংপুল,অডিটোরিয়াম ইত্যাদি) সমূহের অবকাঠামোগত পূনর্গঠনের উদ্যোগ গ্রহণ। ক্যাডেটদের উন্নত মানের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে নেভিগেশনাল এবং ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপের যন্ত্রপাতিসহ অন্যান্য সরঞ্জামাদি সংগ্রহের উদ্যোগ গ্রহণ। সামুদ্রিক আবহ ও স্থাপত্যশৈলীতে উচ্চতর মেরিন প্রশিক্ষণ এবং রিসার্স ল্যাবরেটরী, লেকচার গ্যালারী, নটিক্যাল/মেরিন ইঞ্জিনিয়ারিং ল্যাবরেটরী, ব্যাংকোয়েট হল, অবজারভেশন লাউঞ্জ ইত্যাদির সমাহারে "বঙ্গবন্ধু টেকনো মেরিনা কমপ্লেক্স" নিমাণ করা।

২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

১। সমুদ্রগামী মেরিনারদের প্রশিক্ষণ প্রদান (প্রী-সী, অনার্স কোর্স এবং এনসিলিয়ারী ও প্রিপারেটরী কোর্স) সংখ্যা -১৫০০ জন।

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম

এবং

সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

সেকশন ১ঃ

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলী (Functions) :

১.১ রূপকল্প (Vision): বিশ্ব মানের মেরিটাইম নেতৃত্ব তৈরী করণ ।

১.২ অভিলক্ষ্য (Mission): উন্নত প্রশিক্ষণের মাধ্যমে মেরিটাইম সেক্টরে দক্ষ, মেধাবী এবং ভবিষ্যত নেতৃত্ব প্রদানে সক্ষম মানব বিশ্বমানের মানবসম্পদ গড়ে তোলা ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১। মেরিটাইম সেক্টরে দক্ষ জনবল সৃষ্টি ।
২। প্রাতিষ্ঠানিক অবকাঠামোগত সুবিধাদির দক্ষতা ও সক্ষমতার উন্নয়ন ।

১.৩.২ দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১। দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩। তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ
৪। কার্য পদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৫। কর্মপরিবেশ উন্নয়ন
৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলী (*Functions*):

বাংলাদেশ মেরিন একাডেমিতে আন্তর্জাতিক নৌ-প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয় । যথাঃ (১) সমুদ্রগামী জাহাজে যোগদানের পূর্বে প্রী-সী (নটিক্যাল এবং ইঞ্জিনিয়ারিং) কোর্স (২) জাহাজে যোগদানের পরে তাদের দক্ষতা ও পদোন্নতির জন্য অনার্স কোর্স, প্রিপারেটরী কোর্স এবং এনসিলিয়ারী কোর্স ।

নিম্নে কোর্স সমূহের বিবরণ প্রদান করা হলঃ

➤ প্রি-সি (মেরিন ইঞ্জিনিয়ারিং এবং নটিক্যাল সায়েন্স) ➤ বি এম এস (অনার্স) ইন নটিক্যাল সায়েন্স ➤ বি এম এস (অনার্স) ইন মেরিন ইঞ্জিনিয়ারিং ➤ ক্লাস ওয়ান ডেক ওরাল ➤ ক্লাস টু ডেক ➤ ক্লাস ডেক ➤ ক্লাস ফোর/ ফাইভ ডেক ➤ ক্লাস ওয়ান ইঞ্জিনিয়ার ওরাল ➤ ক্লাস টু ইঞ্জিনিয়ার ➤ ক্লাস থ্রি ইঞ্জিনিয়ার ➤ ক্লাস ফোর/ ফাইভ ইঞ্জিনিয়ারিং ➤ সার্টিফিকেট অব প্রফিসিয়েন্সী ইন সার্ভাইভাল ক্রাফ্ট এন্ড রেসকিউ বোট ➤ সার্টিফিকেট অব প্রফিসিয়েন্সী ইন সার্ভাইভাল ক্রাফ্ট এন্ড রেসকিউ বোট (ব্যবহারিক) ➤ এডভান্সড ফায়ার ফাইটিং ➤ এডভান্সড ফায়ার ফাইটিং (ব্যবহারিক) ➤ প্রফিসিয়েন্সী ইন মেডিক্যাল ফার্স্ট এইড	➤ ইফিসিয়েন্সী ডেক হ্যান্ড ➤ র‍্যাডার নেভিগেশন ➤ জিএমডিএসএস ➤ ইলেকট্রোনিক নেভিগেশন সিস্টেম ➤ র‍্যাডার এন্ড আরপা ➤ মেডিক্যাল কেয়ার ➤ পারসোন্যাল সার্ভাইভাল টেকনিক (ব্যবহারিক) ➤ পারসোন্যাল সার্ভাইভাল টেকনিক ➤ এলিমেন্টরী ফার্স্ট এইড ➤ পারসোন্যাল সেফটি এন্ড সোশ্যাল রেসপনসিবিলিটি ➤ ফায়ার প্রিভেনশন এন্ড ফায়ার ফাইটিং ➤ ফায়ার প্রিভেনশন এন্ড ফায়ার ফাইটিং (ব্যবহারিক) ➤ ট্যাংকার ফেমিলারাইজেশন ➤ এস এ ডি ➤ ডি এস ডি